গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা
www.wewb.gov.bd

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের 'মে ও জুন/২০২৬' মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আসাদুজ্জামান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব),ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : সম্মেলন কক্ষ (লেভেল-১০), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

তারিখ ও সময় : ১৩ জুলাই ২০২৬, দুপুর- ৩:০০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট ''ক''।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। আলোচনার প্রেক্ষিতে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | আর্থিক অনুদান, বকেয়া পাওনা ও মৃত্যুজনিত ক্ষতিপূরণ সংক্রান্ত নথির অগ্রগতি / Pending. | (ক) পরিচালক (অর্থ ও বাজেট) মহোদয় আর্থিক অনুদান, বকেয়া পাওনা ও মৃত্যুজনিত ক্ষতিপূরণ প্রদানের সম্পূর্ণ প্রসেস সভায় উপস্থাপন করে। উত্থাপিত নথিগুলোর মধ্যে যে সমস্ত নথি ৬ মাসের মধ্যে নিষ্পত্তি করা সম্ভব হয়নি সেগুলোর ২/১টি নথি মহাপরিচালক মহোদয় দেখতে চান। এ পর্যায়ে সহকারী পরিচালক, কুমিল্লা বলেন, কুমিল্লা অফিসে ৬ মাসের অধিক নথি গুলো নিষ্পত্তির জন্য মৃতের বাড়ীতে গিয়ে তাদের সাথে কথা বলা হয়েছে। কিন্তু মৃতের পরিবারের মধ্যে মিল না থাকায় নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না। নিষ্পত্তি করার জন্য আরো উদ্দ্যোগ গ্রহণ করা হবে। | (ক) জেলা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অফিসে যে নথিগুলো ৬ মাসের মধ্যে নিষ্পত্তি বা তদন্ত রিপোর্ট প্রেরণ করা সম্ভব হয়নি সেগুলো যথাযথ কারণ উল্লেখ করে ছক আকারে কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক/ ভারপ্রাপ্ত সহকারী পরিচালক জেলা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড। |
| | | (খ) মহাপরিচালক মহোদয় জেলা অফিস হতে তদন্ত প্রতিবেদন এবং Software এর মাধ্যমে প্রাপ্ত ডাক কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয়ে পৌছার পর সংশ্লিষ্ট ডেস্ক হতে নথি উপস্থাপনে যেনো বিলম্ব না হয় সে বিষয়ে গুরুত্বারোপ করেন। | (খ) জেলা অফিস হতে তদন্ত প্রতিবেদন এবং Software এর মাধ্যমে প্রাপ্ত ডাক কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয়ে পৌছার পর ০৩ (তিন) দিনের মধ্যে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (অর্থ ও বাজেট/প্রশাসন) |
| ২ | গঠিত কমিটি কর্তৃক প্রস্তুতকৃত অ্যাম্বুলেন্স সেবা নীতিমালা/২০২৬ | গঠিত কমিটি কর্তৃক প্রস্তুতকৃত ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অ্যাম্বুলেন্স ব্যবহার নীতিমালা-২০২৬ সভায় উপস্থাপন করা হয়। উত্থাপিত নীতিমালার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় মহাপরিচালক, পরিচালক (অর্থ ও বাজেট), পরিচালক (প্রশাসন) মহোদয় প্রয়োজনীয় সংশোধনী প্রদান করেন। এছাড়াও সভায় উপস্থিত সদস্যবৃন্দও কিছু সংশোধনী প্রদান করেন। সংশোধনকৃত অ্যাম্বুলেন্স ব্যবহার নীতিমালা-২০২৬ সভার সবাই একমত পোষণ করে। | সংশোধনকৃত অ্যাম্বুলেন্স ব্যবহার নীতিমালা-২০২৬ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন) |
| ৩ | জেলা প্রবাসী কল্যাণ সেন্টারের কার্যক্রম ও অগ্রগতি; | জেলা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সহকারী পরিচালক/ভারপ্রাপ্ত সহকারী পরিচালকগণ স্ব-স্ব জেলার আর্থিক অনুদান, বকেয়া পাওনা ও মৃত্যুজনিত ক্ষতিপূরণের বিস্তারিত তথ্য উপস্থাপন করেন। যেমন- | | পরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ক) জনাব মোঃ আনিছুজ্জামান, ভারপ্রাপ্ত সহকারী পরিচালক, ঢাকা উত্তর বলেন যে, এ সেন্টারে কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। কোনো সমস্যা নাই। মহাপরিচালক মহোদয় জানতে চান সেন্টারে একজন যাত্রী কতদিন অবস্থান করতে পারেন। এ প্রসঙ্গে ভারপ্রাপ্ত সহকারী পরিচালক জানান যে, একজন যাত্রী ২ দিন অবস্থান করতে পারে। তবে উপযুক্ত প্রমান সাপেক্ষ্য আরো একদিন বেশি অবস্থান করতে পারেন। | ক) প্রবাসগামী এবং প্রবাস ফেরত প্রবাসী কর্মী যারা ওয়েজ আর্নার্স সেন্টারে ২দিনের বেশি অবস্থান করতে চান তাদেরকে বিমানের টিকেটসহ উপযুক্ত কারণ উল্লেখ করতে হবে। | |
| | | খ) জনাব মাইনউদ্দিন, সহকারী পরিচালক, কুমিল্লা বলেন কিছু ক্রিটিক্যাল ফাইল যা পিতা/মাতা/স্ত্রীর পারিবারিক জটিলতার নিস্পত্তি করা কঠিন হচ্ছে। তবে মৃতের পরিবারের সাথে যোগাযোগ অব্যহত আছে। | খ) পরিবারের সাথে যোগাযোগ অব্যাহত রেখে নথিগুলো দ্রুত নিস্পত্তি করতে হবে। | |
| | | গ) জনাব তাজ উদ্দিন, ভারপ্রাপ্ত সহকারী পরিচালক সিলেট, এ সেন্টারে কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। কোনো বড় কোন সমস্যা নাই। মহাপরিচালক মহোদয় জানতে চান এ জেলাটি মাননীয় মন্ত্রী মহোদয় জেলা। অত্যন্ত সতকর্তার সাথে অফিসের কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন ভাবেই যেনো অফিসের শুনাম ক্ষুন্ন না হয়। এছাড়াও মহাপরিচালক মহোদয়, আরো বলেন যে, কাতারে দুঘটনায় মৃত ৫ জনের আর্থিক অনুদানের চেক মাননীয় মন্ত্রী মহোদয় বিতরণের ইচ্ছা পোষন করেছেন। মাননীয় মন্ত্রীর নির্দেশনা মোতাবেক বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | গ) কাতারে দুঘটনায় মৃত ৫ জনের আর্থিক অনুদানের চেক মাননীয় মন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে বিতরণ নিশ্চতকরণের জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| | | ঘ) জনাব, মোঃ রাউন সরকার, ভারপ্রাপ্ত সহকারী পরিচালক, ব্রাক্ষনবাড়িয়া বলেন, এ সেন্টারটি প্রবাসী অধ্যুসিত এলাকায়। সে প্রেক্ষিতে নথির সংখ্যা বেশি। নথি নিস্পত্তি বা তদন্ত করার ক্ষেত্রে কোন সমস্যা নাই। তবে ১০/১১টি নথি অনেক পুরাতন এবং নথিগুলোতে মোবাইল নম্বর বন্ধ এবং উল্লিখিত ঠিকানায় ওয়ারিশদের পাওয়া যাচ্ছে না। এ প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় অনিস্পত্তিকৃত নথিগুলো ছক আকারে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | ঘ) অনিস্পত্তিকৃত নথিগুলো ছক আকারে জেলা অফিস থেকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ঙ) জনাব, মোঃ কামরুজ্জামান, ভারপ্রাপ্ত সহকারী পরিচালক, বরিশাল-পটুয়াখালী বলেন, তার কাছে বেশিভাগ ফাইলই নিস্পত্তি হয়েছে। ২টি ফাইল পেন্ডিং অবস্থায় আছে। যার ১টি স্ত্রী তালাকপ্রাপ্ত, কিন্তু মৃতের সন্তান নিয়ে ময়মনসিংহ বসবাস করেন। অপরটি মৃতের স্ত্রী সন্তানসম্ভাবা, তিনি চাচ্ছেন সন্তান প্রসবের পর কাগজপত্র স্বাক্ষর করতে। এ বিষয়ে মহাপরিচালক মহোদয় পরিবারের সাথে যোগাযোগ রাখার বিষয়ে গুরুত্বআরোপ করেন। | ঙ) পরিবারের সাথে যোগাযোগ রেখে নথি নিস্পত্তি বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | চ) জনাব, মোঃ আতিকুল আলম সহকারী পরিচালক, চট্টগ্রাম বলেন যে, চট্টগ্রামে মাসে প্রায় ৪০টি নথি আসে। যা যথাযথভাবে নিস্পত্তি করা হচ্ছে। তবে মৃতের পরিবার বীমার অর্থ পেতে সময় বেশি লাগছে কেন প্রায়ই জানতে চান। এর | চ) সমন্বয় সভার সিদ্ধান্ত ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জেলা অফিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জবাব দেওয়া সম্ভব হচ্ছে না। এছাড়াও বীমার অর্থ ১.৫ লক্ষ থেকে ২.০ লক্ষ করা হয়েছে যা, বহুল প্রচারিত নয় এবং জেলা অফিসগুলোকে অবহিত করা হয়নি। মহাপরিচালক মহোদয় বোর্ডের সিদ্ধান্তগুলো সকলকে জানানোর বিষয়ে গুরুত্বারোপ করেন। | | |
| ৪ | প্রবাসী কল্যাণ ভবনে বেজমেন্ট- ০১ ও ০২ এর সার্বিক নিরাপত্তা নিশ্চিতে পর্যাপ্ত পরিমাণে আলোর ব্যবস্থা ও সিসি ক্যামেরা স্থাপনসহ নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসার সদস্যের টহল জোরদারের ব্যবস্থা গ্রহণ। | প্রবাসী কল্যাণ ভবনের বিভিন্ন ফ্লোরে মন্ত্রণালয়সহ বিভিন্ন সরকারী অফিসের অনুকূলে ভাড়ায় বরাদ্দ এবং বরাদ্দের বিপরীতে বেজমেন্ট- ০১ ও ০২ এ ৬৬টি গাড়ি পার্কিং রয়েছে। উক্ত পাকিং এবং ভবনের সার্বিক নিরাপত্তা নিশ্চিতে পর্যাপ্ত পরিমাণে আলোর ব্যবস্থা ও সিসি ক্যামেরা স্থাপনসহ নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসার সদস্যের টহল জোরদারের বিষয়ে আলোচনা হয়। | প্রবাসী কল্যাণ ভবনে বেজমেন্ট- ০১ ও ০২ এর সার্বিক নিরাপত্তা নিশ্চিতে পর্যাপ্ত পরিমাণে আলোর ব্যবস্থা ও সিসি ক্যামেরা স্থাপন এবং নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসার সদস্যের টহল জোরদারের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন) |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/০৭/২৫

(মোঃ আসাদুজ্জামান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
ফোন: ৮৮০-২-৪৮৩১৮২০৪
ই-মেইল:dg@wewb.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সিস্টেম এনালিস্ট/উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
৬। উপ-পরিচালক ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
৭। তত্ত্বাবধায়ক, ওয়েজ আর্নার্স সেন্টার, বরুয়া, লঞ্জনীপাড়া, খিলক্ষেত, ঢাকা।
৮। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
৯। সহকারী পরিচালক (সকল)/সহকারী প্রকৌশলী (সিভিল)/হিসাবরক্ষণ কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
১০। সহকারী পরিচালক/সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত), প্রবাসী কল্যাণ সেন্টার (সকল)।
১১। সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (সকল), আইটি শাখা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
১২। উপ-সহকারী পরিচালক (সকল)/ উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ/সিভিল)/ সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
১৩। অফিস নথি।